



ইরানি হামলায় ইসরায়েলের তিনটি বিমান ক্ষতিগ্রস্ত



সংগৃহীত ছবি

ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় ইসরায়েলের বেন গুরিয়ান বিমানবন্দরে তিনটি ব্যক্তিগত বিমান ক্ষতিগ্রস্ত হয়েছে। হামলার সময় একটি বিমানে আগুন ধরে যায়, অন্য দুটি বিমান আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বুধবার (১৮ মার্চ) ইসরায়েল ইরানি মিসাইল প্রতিহত করলেও ধ্বংসাবশেষগুলো বিমানবন্দরের অভ্যন্তরে ছড়িয়ে পড়ে। এর ফলে বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, তিনটি ব্যক্তিগত বিমান ক্ষতিগ্রস্ত হয়েছে।

এই ঘটনায় ইসরায়েল আগামী ২২ থেকে ২৮ মার্চ পর্যন্ত স্পেন ও জার্মানির বিভিন্ন শহরে পরিচালিত প্রায় ৩০টি ফ্লাইট বাতিল করেছে।

সূত্র: রয়টার্স ও টাইমস অব ইসরায়েল

LENS ASIA